

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা
www.mopa.gov.bd

নম্বর: ০৫.০০.০০০০.০১২.২০০.০০৫.১৮-৫৯


তারিখ: ২৬ চৈত্র ১৪২৪
০৯ এপ্রিল ২০১৮

বিষয় : ১২০তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)-এ প্রশিক্ষণার্থী বর্ধিত মনোনয়ন।

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকায় আগামী ২৫ এপ্রিল হতে ০৩ জুলাই ২০১৮ তারিখ পর্যন্ত ৭০ (সত্তর) দিন মেয়াদে অনুষ্ঠেয় ১২০তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স (এসিএডি)-এ অংশগ্রহণের জন্য নিম্নোক্ত কর্মকর্তাগণকে নির্দেশক্রমে বর্ধিত মনোনয়ন প্রদান করা হলো:

ক্রমিক	নাম ও পরিচিতি নম্বর	পদবি ও বর্তমান কর্মস্থল
১.	জনাব মোঃ এ জলিল (১৫৭০৩)	অতিরিক্ত জেলা প্রশাসক (উপসচিব), গোপালগঞ্জ।
২.	জনাব ইসরাত জাহান পান্না (১৫৭৮৪)	প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব), ঘাটাইল সেনানিবাস, টাঙ্গাইল।

- ০২। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ চলাকালে কর্মরত হিসেবে গণ্য হবেন এবং নিজ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর হতে বেতন/ভাতাদি গ্রহণ করবেন।
- ০৩। প্রশিক্ষণ চলাকালে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে বিপিএটিসি'র ডরমিটরিতে অবস্থান করতে হবে।
- ০৪। এ প্রশিক্ষণের কোর্স ফি জনপ্রতি ৫৭,০০০/- (সাতাল্ল হাজার) টাকা। মনোনীত কর্মকর্তার প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে নিজ মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থা হতে ট্রসড চেক/ব্যাংক ড্রাফটের মাধ্যমে রেস্তুর, বিপিএটিসি বরাবরে কোর্স ফি প্রদান করতে হবে।
- ০৫। বিপিএটিসি কর্তৃপক্ষ কোর্সের জন্য মনোনীত প্রশিক্ষণার্থীগণের থাকা-খাওয়ার ব্যবস্থা করবেন। কোর্স চলাকালীন তারা শুধু ভ্রমণ ভাতা পাবেন কিন্তু কোন দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।
- ০৬। প্রশিক্ষণার্থীগণকে আগামী ২৪ এপ্রিল ২০১৮ তারিখ অথবা কোর্স ম্যানেজমেন্ট কর্তৃক নির্ধারিত সময়ে বিপিএটিসিতে যোগদান করতে হবে।
- ০৭। মনোনীত কর্মকর্তাগণকে আগামী ১৫ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে বিপিএটিসি'র ওয়েবসাইটে (www.bpatc.org.bd) অনলাইন রেজিস্ট্রেশন করতে হবে। কোর্সে যোগদানের পর প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণকে ই-লার্নিং প্ল্যাটফর্মে (elearning.bpatc.org.bd) রেজিস্ট্রেশন করতে হবে।
- ০৮। নির্ধারিত সময়ের মধ্যে বিপিএটিসি'র ওয়েবসাইটে অনলাইন রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে ১৫ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অংশগ্রহণ না করার কারণ ব্যাখ্যাপূর্বক এ মন্ত্রণালয়কে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।


০৯.০৪.২০১৮
মোহাম্মদ আবুল কালাম আজাদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮ ০২ ৯৫১৫৫২৫
ই-মেইল: mopatraining@gmail.com


রেস্তুর
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
সাভার, ঢাকা।

নম্বর: ০৫.০০.০০০০.০১২.২০০.০০৫.১৮-৫৯/১(২১)

তারিখ: ২৬ চৈত্র ১৪২৪
০৯ এপ্রিল ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব/সচিব
- ০৪। অতিরিক্ত সচিব (সিপিটি/এপিডি), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা/সিলেট।
- ০৬। যুগ্মসচিব (প্রশিক্ষণ) জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৯। জনাব
- ১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ১১। অফিস কপি/মাস্টার ফাইল।


০৯.০৪.২০১৮
মোহাম্মদ আবুল কালাম আজাদ
সিনিয়র সহকারী সচিব
ফোন: +৮৮ ০২ ৯৫১৫৫২৫
ই-মেইল: mopatraining@gmail.com